

# কর্মসংস্থান ব্যাংক



(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

শাখা নিয়ন্ত্রণ বিভাগ।

www.kb.gov.bd  
Email: bcd@kb.gov.bd

বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪' বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ২৪ সেপ্টেম্বর ২০২৩, বিকাল- ২.৩০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব জনাব মোঃ এনায়েতুর রহমান শেখ এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

## আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন।


০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৩ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	বাস্তবায়নকারী বিভাগ শাখা নিয়ন্ত্রণ বিভাগ
০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা - ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে হালনাগাদ (সভার তারিখ, সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, যোগাযোগের ঠিকানা, সেবার মূল্য তালিকা ইত্যাদি) করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকাতে চলতি অর্থবছরে বিভাগীয়/জেলা/ উপজেলা পর্যায়ে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার কথা বলা হয়েছে।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে। চলতি অর্থবছরে বিভাগীয়/জেলা/ উপজেলা কার্যালয়ে স্ব-স্ব ওয়েবসাইট খোলার নির্দেশনার পরিপ্রেক্ষিতে তা বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের আইটি বিভাগের সহযোগিতা কামনা করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ ও আইটি বিভাগ

চলমান পাতা-০২

০৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা- ২০২৩-২০২৪ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রার এতদসংক্রান্ত মোট ০১(এক)টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে।	প্রশিক্ষণ আয়োজনের জন্য অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট
০৪.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।	অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, অংশীজনের অংশগ্রহণে ইতোমধ্যে ০১টি সভা আয়োজন করা হয়েছে। আয়োজনের তারিখ: ২৯.০৮.২০২৩ ও স্থান: জেলা পরিষদ সম্মেলন কক্ষ, সিলেট।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মনোজ রায়)

উপমহাব্যবস্থাপক  
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ও

সভাপতি


সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা  
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৩-২২৬ (০৪)

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিঃ দাঃ), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। অফিস নথি।

  
২৪.০৯.২০২৩

(মোঃ এনায়েতুর রহমান শেখ)

সহকারী মহাব্যবস্থাপক

ও

সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা  
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি